# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫১৩

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ মানুষের জন্য মুস্তাহাব হলো প্রতিবেশীর সাথে সদাচারণ করা এই আশায় যে এর বদৌলতে সে জান্নাতে প্রবেশ করতে পারবে

ذِكْرُ الِاسْتِحْبَابِ لِلْمَرْءِ الْإِحْسَانَ إِلَى الْجِيرَانِ رَجَاءَ دُخُولِ الْجِنَانِ بِهِ

আরবী

أَخْبَرَنَا عُمَرُ بْنُ إِسْمَاعِيلَ بْنِ أَبِي غَيْلَانَ بِبَغْدَادَ قَالَ: حَدَّثَنَا عَلِيُّ بْنُ الْجَعْدِ قَالَ: حَدَّثَنَا شُعْبَةُ عَنْ دَاوُدَ بْنِ فَرَاهِيجَ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: قَالَ: (مَا زَالَ جِبْرِيلُ يُوصِينِي بِالْجَارِ حتى ظننت أنه سيورِّثه.)
الراوي : أَبو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 513 | خلاصة حكم المحدث: صحيح لغيره.

বাংলা

৫১৩. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “জিবরীল আলাইহিস সালাম আমাকে উপদেশ দিতেই ছিলেন এমনকি আমার মনে হলো অচিরেই তিনি প্রতিবেশীকে উত্তরাধিকারী বানিয়ে দিবেন!”[1]

ফুটনোট

[1] ইবনু আদী, আল কামিল: ৩/৯৪৯; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৪৮৮; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৮/৫৪৬; বাযযার: ১৮৯৮; মুসনাদ আহমাদ: ২/৫১৪; ইবনু মাজাহ: ৩৬৭৪; আবু নু‘আইম, হিলইয়াতুল আওলিয়া: ৩/৩০৬।

হাদীসটিকে আল্লামা শু‘আইব আল আরনাঊত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ লিগাইরিহী বলেছেন। (আত তা‘লীকাতুল হিসান: ৫১৩।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88977

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন